

১০০০
৪৯

এক্সিম ব্যাংক বৃত্তি প্রদান অনুষ্ঠান সুদমুক্ত শিক্ষা ঋণ চালুর আহ্বান জানালেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. সালেহউদ্দিন আহমেদ বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোকে সুদমুক্ত শিক্ষা ঋণ চালুর আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, ব্যাংকগুলোকে যুনাফার পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার প্রতিও জবাবদিগি দিতে হবে। এক্ষেত্রে শিক্ষা ঋণে বিনিয়োগ হবে সর্বোত্তম বিনিয়োগ। দেশে মানবসম্পদের উন্নয়ন হলে সমগ্র দেশই লাভবান হবে। এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ (এক্সিম ব্যাংক) আয়োজিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মল্লভদারের সভাপতিত্বে ৬৫-বার সঞ্চায় রাতধানীর একটি হোটেলে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর বলেন, দেশে আর্থিক খাত ভালো করছে। ব্যাংকিং খাতে জবাবদিগিতা এবং স্বচ্ছতাও অনেক বেশি। এখানে পর্যাপ্ত পেশাদারিত্ব রয়েছে। তিনি বলেন, অতিরিক্ত জনসংখ্যা

আমাদের একটি বড় সমস্যা। এ জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করে লাভবান হওয়ারও সুযোগ রয়েছে। মানবসম্পদ উন্নয়নে ব্যাংকগুলো তাদের সামর্থী অনুসারে কৃষিকা রাখতে পারে। তিনি এক্সিম ব্যাংকের বৃত্তি প্রদান কর্মসূচির

ব্যাংকের চেয়ারম্যান মোঃ নজরুল ইসলাম মল্লভদার বলেন, তার ব্যাংক আগামী দিনে বৃত্তি প্রদান কর্মসূচির ব্যাপ্তি বাড়াবে। আরও বেশি সংখ্যক ছাত্রছাত্রীকে এর আওতা আনা হবে। এ কর্মসূচিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার



গভর্নরের সঙ্গে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা

প্রশংসা করে আগামী দিনে এ কর্মসূচি চালিয়ে যাওয়ার আহ্বান জানান। তিনি ছাত্রীদের অধিক পরিমাণে বৃত্তি দেয়ার আহ্বান জানান। এ প্রসঙ্গে তিনি বলেন, ছাত্রদের বৃত্তি দেয়া হলে সমাজ অধিক পরিমাণে লাভবান হবে।

উদ্যোগ নেয়া হয়েছে। আর্থিকভাবে অসচ্ছল কিন্তু মেধাবী কোন শিক্ষার্থী যদি প্রতি বছরই তার ফলাফলে সাতলাভ্য প্রদর্শন করতে সক্ষম হয় তাহলে সে প্রতি বছরই ব্যাংকের এ বৃত্তি পাবে। এমন শিক্ষার্থী শিক্ষার্থীদের শেষ পর্যন্ত এক্সিম ব্যাংকের সহায়তা পেতে থাকবে। এক্সিম ব্যাংক আগামী দিনে শিক্ষা ঋণ চালু করবে বলেও তিনি ঘোষণা দেন। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক পতিরত উল্লাহ বৃত্তি কর্মসূচির বিভিন্ন দিক তুলে ধরেন। ব্যাংক এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১৪টি প্রতিষ্ঠানের মোট ৭০ জন শিক্ষার্থীকে বৃত্তি দিয়েছে। আগামী বছরে বৃত্তির পরিমাণ সাড়ে ৭ হাজার এবং অন্যান্য ক্ষেত্রে ১৫ হাজার টাকা